শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চকবিরাম, নওগাঁ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ফোন # ০৭৪১-৬২৫৯৯
e-mail : naogaonpbs1@ gmail.om
Web : www. pbs1. Naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০১.০৩৮.২১. 2158 তারিখ - ১০ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ। ২৪ জুন, ২০২১ খ্রিঃ।

বিষয়:- ফায়ার সেফটি প্লান প্রনয়ণ ও অনুমোদনের লক্ষ্যে ফায়ার কনসালটেন্ট নিয়োগের দরপত্র Limited Tendering Method (LTM) বিজ্ঞপ্তি।

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ফায়ার সেফটি প্লান প্রনয়ণ ও অনুমোদনের লক্ষ্যে Booklet, Fire Safety Drawings, Site Inspection & To make Necessery Civil CAD Drawing (Master Plan & Civil Drawing) ইত্যাদি কাজের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার অনুমোদিত ফায়ার সেফটি প্ল্যান প্রণয়নের জন্য ইঞ্জিনিয়ারিং ফার্ম এর নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। বিবরন নিম্নরুপঃ

| ক্র/ নং | সেবা/মালামালের বিবরণ | পরিমান | একক দর | মোট দর |
|---|---|---|---|---|
| 01. | **ফায়ার সেফটি প্লানঃ** Preparation of Architectural Drawings allied to Fire Safety plan. | Office Building, Substation Area, Store & Garage, Store Office, D Type Building, C Type Building, E Type Building, F Type Building, Ware House Building, VIP Rest House & Mosque (Total 59,406 SFT) (Approximate area 4.33 Acres) | | |
| 02. | Preparation and approval of fire safty plan (Manual/Booklet) | | | |
| 03. | Preparation and Obtain NOC of Fire Safty Layout Drawings showing | | | |
| 04. | Site Inspections | | | |
| 05. | Total amount Including AIT | | | |
| 06. | Vat- | | | |
| 07. | Total Amount Including AIT & VAT | | | |
| | মোট মূল্য | | | |

০১. **দরপত্র দলিল প্রাপ্তির স্থানঃ** বাপবিবোর্ডের ওয়েব সাইট- **www.reb.gov.bd** এবং নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট **www.pbs1.naogaon.gov.bd** এ বিনামূল্যে ডাউনলোড দেওয়া যাবে। ডাউনলোডকৃত দরপত্র দলিল যথাযথ পূরণ করে দরপত্র দলিল প্রস্তুত করতে হবে।

০২. **দরপত্র দাখিল এবং খোলার তারিখ, সময় ও স্থানঃ** দরপত্র আগামী ০৮/০৭/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকা বা তার পূর্বে মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ:অ:) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনই বেলা ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩. দরপত্রের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ এবং ব্যাংক সলভেন্সি সনদ (যদি থাকে) প্রয়োজনীয় দালিলিক প্রমাণাদির সত্যায়িত সনদপত্র ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৪. দরপত্রের খামের উপর স্পষ্ট করে "ফায়ার সেফটি প্ল্যান প্রনয়ন পূর্বক অনুমোদন করানো ও সরবরাহের দরপত্র" কথাটি লিখতে হবে।

০৫. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কার্য সম্পাদন করতে হবে।

০৬. কৃতকার্য দরদাতা কর্তৃক যথাসময়ে কার্য সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ অর্থ বিল হতে কর্তন করা হবে। তবে তা কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

০৭. দরপত্র দাখিলের পূর্বে কাজের স্থান এবং পরিধি সমিতির সদর দপ্তরে আগামী ০৭/০৭/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করা যাবে।

০৮. দরপত্রের সহিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

০৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে ১০% অর্থ নিরাপত্তা জামানত কর্তন করা হবে। যাহা সন্তোষজনক কাজ সম্পাদনের ০৬ (ছয়) মাস পর ফেরত প্রদান করা হবে।

১০. দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে বাকী টাকা চেকে পরিশোধ করা হবে।

১১. দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

১২. যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩. শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।

অনুলিপিঃ- **নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহঃ**

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক / পুলিশ সুপার, নওগাঁ।
০৪। সিঃ জেনাঃ ম্যাঃ/জেনারেল ম্যানেজার ---------------------------------------- পবিস ১/২/৩/৪।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ।
০৬। মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), নওগাঁ পবিস-১।
০৮। মেসার্স --------------------------------------
০৯। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, নওগাঁ পবিস-১।
১০। অফিস/মাস্টার কপি।

জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।

**নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

চকবিরাম, নওগাঁ।

---

# দরপত্র দলিল

**কাজের শিরোনাম** → ফায়ার সেফটি প্লান প্রণয়ন ও অনুমোদনের লক্ষ্যে ফায়ার কনসালটেন্ট নিয়োগ।

| | |
|---|---|
| দরপত্র দাখিলের শেষ তারিখ | : ০৮/০৭/২০২১খ্রি. |
| দরপত্র দাখিলের শেষ সময় | : ১১:৩০ ঘটিকা |
| দরপত্র খোলার সময় | : ১১:৩৫ ঘটিকা |

## দরপত্র দলিল

### দরদাতার প্রতি নির্দেশাবলী

| | | |
|---|---|---|
| ০১ | দরপত্র দলিল | ক্রয়তব্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হয়েছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অংশ হিসাবে নিম্নোক্ত অংশগুলি অন্তর্ভূক্ত হবে:<br>(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী<br>(খ) ক্রয়তব্য সেবার স্পেসিফিকেশান<br>(গ) দরপত্র ফরম<br>(ঘ) মূল্য তালিকা<br>(ঙ) সেবা সরবরাহ সময় সীমা তালিকা<br>(চ) দরপত্র দলিল ক্রয়ের রশিদ |
| ০২ | দরপত্র দলিল স্পষ্টায়ন | দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে, তা স্পষ্টায়নের জন্য ক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যেতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে ক্রেতার নিকট পৌঁছাতে হবে। ক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করবেন। |
| ০৩ | দরপত্র দলিলের সংশোধন | দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যেকোন সময় ক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করিতে পারেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করেছেন তাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হবে এবং তা অনুসরন করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হবে |

### দরপত্র তৈরী

| | | |
|---|---|---|
| ০৪ | যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হবে | দরদাতা কর্তৃক দাখিলকৃত দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিল দ্বারা তৈরী হবে -<br>(ক) পূরনকৃত দরপত্র ফরম (পরিশিষ্ট-ক) ও মূল্য তালিকা (পরিশষ্ট-খ)<br>(খ) পূরনকৃত সরবরাহ সময়সীমা তালিকা (পরিশিষ্ট-গ)<br>(গ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত সেবা সরবরাহ/প্রস্তুতের অভিজ্ঞতা সনদপত্র<br>(ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট/টার্ন ওভার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, আয়করন সনদ, ব্যাংক সলভেন্সী |
| ০৫ | দরদাতার যোগ্যতা | সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। অন্যথায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্ষেত্রমত উপদেষ্টা প্রতিষ্ঠানের অফিস পরিদর্শন করে প্রতিষ্ঠানের যোগ্যতা যাচাই করা হবে। দরপত্রের সহিত ভ্যাট রেজিষ্ট্রেশন ও হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দাখিল করতে হবে। |
| ০৬ | দরপত্র জামানত | প্রযোজ্য নয় |
| ০৭ | দরপত্রের মেয়াদ | দরপত্র দাখিলের তারিখ হতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকতে হবে। দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিনের কম সময়ের জন্য দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করে বাতিল করা হবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে ক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সম্মতি অবশ্যই লিখিত ভাবে হতে হবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখান করতে পারেন। |

| | | |
|---|---|---|
| ০৮ | দরপত্র স্বাক্ষর | দরদাতা দরপত্রের মূল কপি দাখিল করবেন। দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘঁষামাজা করা হলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হতে হবে। |

## দরপত্র দাখিল

| | | |
|---|---|---|
| ০৯ | দরপত্র বন্ধ করা ও চিহ্নিত করন | দরদাতা দরপত্র একটি খামে বন্ধ করবেন এবং খামের উপরে গ্রুপের নাম সহ দরপত্র লিখে চিহ্নিত করবেন। খামে ক্রেতার ঠিকানা লিখতে হবে এবং খামের উপরে দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমার পূর্বে (০৮/০৭/২০২১খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকা) " খোলা যাবে না " মর্মে লিখতে হবে। |
| ১০ | দরপত্র দাখিলের সময়সীমা ও স্থান | দরপত্র অবশ্যই ০৮/০৭/২০২১খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ -এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। ক্রেতা প্রয়োজন মনে করলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রেখে দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করতে পারেন। |
| ১১ | বিলম্বে দাখিলকৃত দরপত্র | ক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরত প্রদান করা হবে। |

## ক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

| | | |
|---|---|---|
| ১২ | ক্রেতা কর্তৃক দরপত্র খোলা | দরপত্র সমূহ ০৮/০৭/২০২১খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:৩৫ ঘটিকার সময় দরদাতাগনের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ-এ একই সময়ে খোলা হবে। দরদাতা প্রতিনিধিগন উপস্থিত থাকলে অবশ্যই তার উপস্থিতি তালিকায় স্বাক্ষর করবেন। দরপত্র খোলার সময় ক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, ডিসকাউন্ট (যদি থাকে) দরপত্র জামানতের পরিমান এবং ক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষনা করবেন এবং লিপিবদ্ধ করবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী বিলম্বে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষনা করা যাবে না। |
| ১৩ | দরপত্র স্পষ্টায়ন | দরপত্র মূল্যায়নকালে ক্রেতা প্রয়োজন মনে করলে যে কোন দরদাতার নিকট তার দরপত্রের উপর ব্যাখ্যা চাইতে পারেন। তবে এই ধরনের ব্যাখ্যা এবং তার বিপরীতে সম্মতি অবশ্যই লিখিত ভাবে হতে হবে। এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা ক্রেতা চাইতে পারবেন না অথবা দরদাতা প্রস্তাব করতে পারবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হবে না। |
| ১৪ | প্রাথমিক যাচাই বাছাই | ১৪.১ ক্রেতা গৃহীত দরপত্র সমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্র সমূহ পূর্নাঙ্গ কি না, প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কিনা, দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কিনা, গাণিতিক কোন ভুল আছে কিনা ইত্যাদি বিষয়ে নিশ্চিত হবেন। গাণিতিক কোন ভুল থাকলে নিম্নোক্তভাবে তাহা সংশোধন করা হবে :<br>উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুন করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত |

| | | |
|---|---|---|
| | | মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেইক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।<br>১৪.২ দরপত্রে যে কোন ধরনের ছোট খাট ত্রুটি, অনিয়ম সেবাক্রেতা উপযুক্ত মনে করলে উপেক্ষা করতে পারেন যদি এ ধরনের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরনের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরনের বিচ্যুতি বলতে, উদাহরণ স্বরূপ, প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাবে। |
| ১৫ | দরপত্র মূল্যায়ন ও তুলনা করন | গৃহীত দরপত্র সমূহ ১৪ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ ক্রেতা মূল্যায়ন ও তুলনা করবেন। |

## কার্যাদেশ প্রদান

| | | |
|---|---|---|
| ১৬ | কার্যাদেশ প্রদানের নির্নায়ক | ১৮ অনুচ্ছেদ সাপেক্ষে, ক্রেতা সফল দরদাতা অর্থাৎ যার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মুল্যায়িত সর্বনিম্ন দরপত্র হিসাবে বিবেচিত হবে তাকে কার্যাদেশ প্রদান করবেন। |
| ১৭ | কার্যাদেশ প্রদানের সময় ক্রয়তব্য সেবার পরিমান হ্রাস/বৃদ্ধি ব্যাপারে ক্রেতার অধিকার | কার্যাদেশ প্রদানের সময় সেবার পরিমান দরপত্র দলিলের মূল " মূল্য ও কাজের তালিকায় " উল্লেখিত পরিমান হতে হ্রাস/বৃদ্ধি করার অধিকার ক্রেতা সংরক্ষন করেন। তবে এই হ্রাস/বৃদ্ধির পরিমান ২০ (বিশ) শতাংশের অধিক হবে না। দরপত্র দলিলের মূল "মূল্য ও কাজের তালিকায় "উল্লেখিত কাজের ধরন একাধিক হলে এবং সকল ধরনের কাজ ক্রেতা সমহারে হ্রাস/বৃদ্ধির প্রয়োজন মনে না করলে সেইক্ষেত্রে ভিন্ন ভিন্ন হারে হ্রাস/বৃদ্ধি করতে পারবেন তবে মোট হ্রাস/বৃদ্ধির পরিমান কোন অবস্থায় সফল দরদাতার উদ্ধৃত মূল্যের ২০ (বিশ) শতাংশ অতিক্রম করিতে পারবে না। |
| ১৮ | ক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান করার অধিকার | কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত ক্রেতা যে কোন দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষন করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট ক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হবে না। |
| ১৯ | কার্যাদেশ প্রদান | দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বেই ক্রেতা সফল দরদাতাকে লিখিতভাবে কার্যাদেশ প্রদান করবেন। কার্যাদেশ পত্র ক্রেতার সহিত সফল দরদাতার চুক্তি গঠন করবে। |
| ২০ | নিশ্চয়তা কাল | সরবরাহতব্য সেবা সম্পূর্ণ নূতন এবং ক্রটিমুক্ত হবে। কাজ সম্পন্ন করার ০৬ মাসের মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশান বর্হিভূত কার্যসম্পাদন করা হয়েছে বলে প্রমানিত হলে সরবরাহকারীকে ক্রেতার নির্দেশ অনুযায়ী অনধিক ২১ দিনের মধ্যে ত্রুটিমুক্ত/প্রতিস্থাপন করতে হবে। |
| ২১ | মালামাল সরবরাহের পর প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা ও মূল্য পরিশোধ | সন্তোষজনকভাবে সেবা সরবরাহের পর নিম্ন বর্ণিত দলিলাদি দাখিল করা সাপেক্ষে সরবরাহকৃত মালামালের (সরবরাহ সময়সীমা তালিকায় বর্ণিত কিস্তি অনুযায়ী) ১০০% মূল্য নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ কর্তৃক পরিশোধ করা হবে :<br>(ক) সরবরাহকৃত সেবার বিবরণ, পরিমান, একক মূল্য এবং মোট পরিশোধযোগ্য মূল্য সম্বলিত (দুই) কপি ইনভয়েস।<br>(খ) পবিস পরিদর্শক (গণ) কর্তৃক সরবরাহকৃত মালামালের উপর প্রদত্ত সন্তোষজনক পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>(গ) চালান এর প্রত্যায়িত কপি এবং |

| | | |
|---|---|---|
| | | (ঘ) প্রাপ্তি রশিদ এর কপি<br>কোন সেবার মূল্য অগ্রীম পরিশোধ করা হবে না। সেবার মূল্য পরিশোধের সময় দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। |
| ২২ | শুল্ক ও কর পরিশোধ | সরবরাহ সময়সীমা তালিকায় বর্ণিত স্থানে মালামাল সরবরাহ পর্যন্ত পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর সরবরাহকারী পরিশোধ করতে বাধ্য থাকবেন। |
| ২৩ | বিলম্বে কাজ সম্পাদনের জরিমানা | যথাসময়ে সেবা সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তণ করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তণযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ ) এর অধিক হবে না |

# দরপত্র ফরম

পরিশিষ্ট-ক

জেনারেল ম্যানেজার
নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১,
চকবিরাম, নওগাঁ।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্ন স্বাক্ষরকারী (গন) দরপত্র দলিল ( টেন্ডার ডকুমেন্ট ) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ ) ফায়ার সেফটি প্লান প্রস্তুত ও অনুমোদন সংক্রান্ত কাজের জন্য মোট --------------------------------টাকা (কথায়) ......................................................................................................সরবরাহ করার প্রস্তাব করেছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে ০৭ অনুচ্ছেদে উল্লেখিত আমি / আমরা উদ্ধৃত সময় সীমা অর্থাৎ সরবরাহতব্য সেবা .............................দিনের মধ্যে সরবরাহ করতে বাধ্য থাকব ।

আমার / আমাদের দরপত্র গৃহীত হলে দরপত্র দলিলের (৭) অনুচ্ছেদে উল্লেখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ অনুযায়ী কাজ সম্পাদন করতে বাধ্য থাকব ।

আপনার প্রদত্ত কার্যাদেশ নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গন্য হবে।

আমি / আমরা জ্ঞাত আছি যে, আপনি সর্বনিম্ন দর অথবা যে কোন দরপত্র গ্রহনে বাধ্য নই।

.............................................
দরদাতার স্বাক্ষর ও সীল মোহর

নাম..........................................

পদবী.......................................

পূর্ণ ঠিকানা / ফোন নং

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

পরিশিষ্ট-খ-১

<u>মালামাল/কাজের বিবরন</u>

| Sl. | Item of Works | Amount |
|---|---|---|
| 01 | **Fire Safety Plan preparation and NOC from FSCD** | |
| | **Documentation for FSCD submissions**<br>a.Preparation of Fire Safety Plan Requirement on wings from PSCD)<br>requirement of TSCD. The doenments comprising of<br>b. Preparation of Fire Safety Report with required information of the per<br>Part 1 - Definitions<br>Part ll - Fire Safety Plan objectives and purpose<br>Part III - Building Information<br>Part IV - Existing Active Fire Protection Systems<br>Part V. Existing Passive Fire Protection Systems<br>Part VI - Fire Safety Plan Drawings with Evacuation Plan and<br>Schematic diagram of Fire Hydrant and Automatic Detection system.<br>Part VII - Human Resources Planning for Fire safety<br>Part VIII - General Responsibilities distribution for Fire safety<br>Part IX - Records of Electrical safety, fire drillevacuation drill, etc.<br>Part X- Inspection Testing & Maintenances Report of Fire Equipment<br>Part XI - Evaluation of weakness and gaps in Existing fire safety system<br>Part XII - Suggestion for Fire Prevention, Preparedness & Control<br>Part XII-Various Inspection, Maintenance, Drill Formats containing:<br>a.Safety Checklist for Electric Substation & Power distribution<br>b. Safety Checklist for Electric Power Generation system<br>c. Safety Checklist for Arsenal Hazards<br>d. Checklist for Fire Detection and Alarm system<br>c. Checklist for Fire Pumps with Hydrant system<br>f. Checklist for Fire Suppression system<br>9. Checklist for Lift safety<br>Checklist for Liquid Fuel/Gas transmission Network<br>Checklist for Lightning Protection and Barthing System<br>j. Checklist for Cabling Current capacity test<br>k Checklist for Cable Insulation / Short Circuiting test.<br>l.Checklist for Earth Pit Resistance Test<br>m. Checklist for Thermal Imaging Test of Electric Panel Boards.<br><br>**Guiding Codes and Standards**<br>1. Fire Protection and Prevention Law 2003<br>2. Bangladesh National Building Code (BNBC 2020)<br>3. Dhaka City Building Construction Act 2008<br>4. Fire Safety Checklist provided by BFSCD<br>5. Guidelines from NFPA as international Code/Standard | |

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

পরিশিষ্ট-খ-২

## সেবা ও মূল্য তালিকা

| ক্র/নং | সেবা/মালামালের বিবরণ | পরিমান | একক দর | মোট দর |
|---|---|---|---|---|
| 01. | **ফায়ার সেফটি প্লানঃ**<br>Preparation of Architectural Drawings allied to Fire Safety plan. | Office Building, Substation Area, Store & Garage, Store Office, D Type Building, C Type Building, E Type Building, F Type Building, Ware House Building, VIP Rest House & Mosque (Total 59,406 SFT) (Approximate area 4.33 Acres) | | |
| 02. | Preparation and approval of fire safty plan (Manual/Booklet) | | | |
| 03. | Preparation and Obtain NOC of Fire Safty Layout Drawings showing | | | |
| 04. | Site Inspections | | | |
| 05. | Total amount Including AIT | | | |
| 06. | Vat- | | | |
| 07. | Total Amount Including AIT & VAT | | | |
| | মোট মূল্য | | | |

In Word:

All price will be including vat & other Texes (applicable)

দরদাতার স্বাক্ষর ও সীল মোহর

# দরপত্র দলিল

পরিশিষ্ট - গ

দরদাতা প্রতিষ্ঠানের নাম..................................................

সরবরাহ/কার্যসম্পাদন সময়সীমার তালিকা

| সেবা/কাজের বিবরন | সরবরাহ সময়সীমা | উদ্বৃত সময়সীমা | যে স্থান হতে সরবরাহ করা হইবে | যে স্থানে সরবরাহ করা হইবে |
|---|---|---|---|---|
| **ফায়ার সেফটি প্লানঃ**<br>Preparation of Architectural Drawings allied to Fire Safety plan. | কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন | | | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ । |
| Preparation and approval of fire safty plan (Manual/Booklet) | | | | |
| Preparation and Obtain NOC of Fire Safty Layout Drawings showing | | | | |
| Site Inspections | | | | |

নোট : কার্যাদেশ প্রদানের তারিখকে সরবরাহ সময়সীমা শুরু হওয়ার তারিখ হিসাবে গন্য করা হবে।

দরদাতার স্বাক্ষর ও সীল মোহর